

শুল্লা চতুর্থীর মধ্যরাতে

আজ রাত পোহাবে,
কাল ভোর হবে;
উষার আগমনে, পাখীর গানে,
শিশির-ভেজা ঘাসে ঘাসে,
গাঁদা, জবা, গন্ধরাজ, ডালিয়ার মাঝে
শুনবো তোমার বীণার অনুরণন;
ভক্তি-আকুল হৃদয়ে হ'বে সঞ্চারিত
তব হৃদয়ের স্পন্দন !
জীবনের ভ্রান্তি, মনের তমসা
হৃদয়ের হতাশা, চিত্ত কলুষিত
তোমার পূজার অঞ্জলি পরশে,
হ'বে বিদূরিত !

জ্ঞানালোকে মোরে কর সঞ্জীবিত,
বিদ্যা-সাধনায় কর উজ্জীবিত,
আজীবন যেন থাকি তব আশ্রিত!

মা! প্রণমি তোমার চরণে,
ভিক্ষু মাঙি তব আশীর্বাণী এ শূভক্ষণে!

শ্রীশ্রীসরস্বতী বন্দনা

যা কুন্দেন্দুতুষারহারখবলা যা শুভ্রবস্ত্রাবৃত্তা ।
যা বীণাবরদগুমণ্ডিতকরা যা শ্বেতপদ্মাসনা ॥ ১
যা ব্রহ্মাচ্যুতশঙ্কর প্রভৃতির্ভিদেবৈঃ সদা বন্দিতা ।
সা মাং পাতু সরস্বতী ভগবতী নিঃশেষ জড্যাপহা ॥ ২

ওঁম্ ভদ্রকাল্যে নমো নিত্যং সরস্বত্যে নমো নমঃ ।
বেদবেদাঙ্গবেদান্ত বিদ্যাস্থানেভ্য এব চ স হ ॥ ৩
এষ সচন্দন পুষ্প-বিল্বপত্রাঞ্জলী ।
ওঁম্ অয়িং শ্রী সরস্বত্যে নমঃ ॥ ৪

মেধে সরস্বতী বরে ভূতি বাহুবি তামসি ।
নিয়তে ত্বং প্রসীদেশে নারায়ণি নমোহস্তু তে ॥ ৫
সরস্বতী মহাভাগে বিদ্যে কমললোচনে ।
বিশ্বরূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোহস্তু তে ॥ ৬

পীযুষ-সিঞ্চিতে সমীর-চঞ্চল কাঞ্চন-অঞ্চল দোলারে ।
সংশয়-শমন স্মৃতি-বিতরণ চরণে জনমন ভোলারে ॥
চম্পক অঙ্গুলী করুণ পরশে বীণা পঞ্চমে দোলারে ।
জ্যোতিষ গণিত বেদ দরশন শোভে কোমল কোলারে ॥
শুভ্র-হিমগিরি-কিরণ-বিকিরণে অঙ্ক আঁখিযুগ খোলারে ।
মাতিল ত্রিভুবন বাক্য-বিধায়িনী বাণী জয় রব বোলারে ॥

- রজনীকান্ত সেন -